



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
শরীয়তপুর সদর, শরীয়তপুর

কৃষিই সমৃদ্ধি



চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্য সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : কৃষিবিদ অলি হালদার
উপজেলা কৃষি অফিসার
শরীয়তপুর সদর, শরীয়তপুর।
সময়ঃ সকাল ১০:০০ ঘটিকা

স্থানঃ উপজেলা কৃষি অফিসারের সম্মেলন কক্ষ, শরীয়তপুর সদর, শরীয়তপুর।

বিষয়ঃ জনাব কাজী ইমরান হোসেন, উপসহকারী কৃষি অফিসার, সদর, শরীয়তপুর এর একমাত্র পুত্র সন্তানের চিকিৎসার জন্য দোয়া ও আর্থিক সহযোগিতা প্রসঙ্গে।

অদ্য ২৬/০৪/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকায় উপজেলা কৃষি অফিসারের সম্মেলন কক্ষে উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ অলি হালদার মহোদয়ের সভাপতিত্বে অত্র দপ্তরের সকল কর্মকর্তা, উপসহকারী কৃষি অফিসার ও কর্মচারীগণের উপস্থিতিতে এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান জনাব কাজী ইমরান হোসেন, উপসহকারী কৃষি অফিসারের পুত্র সন্তান গত ২৭/০২/২০২০ খ্রি. তারিখে ব্লাড ক্যান্সারে আক্রান্ত হয়। সে মোতাবেক বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল ইউনিভার্সিটি (পিজি হাসপাতাল) চিকিৎসা শুরু করেন। দীর্ঘ মেয়াদে চিকিৎসা চলাকালে কর্তব্যরত চিকিৎসক **Bone Marrow Transplant** এর জন্য ভারতে চিকিৎসা গ্রহণের পরামর্শ প্রদান করেন। চিকিৎসক জানান এ ধরনের চিকিৎসায় প্রায় ৬০ (ষাট) লক্ষ টাকা প্রয়োজন এমন কি অবস্থার অবনতি হলে আরো বেশি টাকা প্রয়োজন হতে পারে। সময়মত আর্থিক ব্যবস্থা গ্রহণ না করলে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। তার সন্তানের চিকিৎসা বাবদ এ পর্যন্ত প্রায় ১২ লক্ষ টাকা ব্যয় করেন। তিনি আরো বলেন যে, তার সন্তানের চিকিৎসার সব খরচ একার পক্ষে বহন করা সম্ভব নয় মর্মে তিনি আর্থিক সাহায্যের জন্য অত্র দপ্তরে চিকিৎসা খরচের জন্য আবেদন করেন। তার আবেদনের প্রেক্ষিতে সভাপতি মহোদয় দোয়া ও আর্থিক সাহায্যের জন্য অত্র অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট বিনীত অনুরোধ করেন। অতপর, অধ্যকার সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল অফিস সমূহে মানবিক সাহায্যের আবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সহযোগীতা পাঠানোর ঠিকানাঃ
সোনালী ব্যাংক লিঃ
কাজী ইমরান হোসেন
রাউজের শাখা, মাদারীপুর
হিসাব নম্বরঃ ২১১৪৭০৪২৭১৭৯৫
বিকাশ নম্বরঃ ০১৭৩৫০২৮৮৬৬(কাজী ইমরান হোসেন)
বিকাশ নম্বরঃ ০১৯১৪৪৬৭২৯০(সৈয়দা মানিয়া)

স্মারক নং ১২.১৮.৮৬৬৯.০৪১.৩৯.০২৩.২৩/১২৬

তারিখঃ ২৬/০৪/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইবেঃ

১. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
২. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৩. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর অঞ্চল (সকল)।
৪. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জেলা (সকল)।
৫. উপজেলা কৃষি অফিসার, উপজেলা জেলা (সকল)।
৬. অফিস নথি, অত্র দপ্তর

AA
২৬/০৪/২০২৩

অলি হালদার

উপজেলা কৃষি অফিসার
শরীয়তপুর সদর, শরীয়তপুর।